যুগান্তর

MAR. 31 2002

# ১৪ কোটি টাকার টেন্ডার নিয়ে চবি ছাত্রদলে উত্তেজনা

হামিদ উল্লাহ, *চট্টগ্রাম ব্যুরো*

প্রায় ১৪ কোটি টাকার টেন্ডারকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের বিবদমান গ্রুপগুলো আবারও সক্রিয় হয়ে উঠেছে। দীর্ঘদিন ধরে নিষ্ক্রিয় অনেক নেতাকর্মী মাঠে নেমেছেন, এক গ্রুপ বহিষ্কার করছে অন্য গ্রুপকে। টেন্ডারবাজিকে কেন্দ্র করে জমে ওঠা গ্রুপিংয়ে ইন্ধন দিচ্ছেন ছাত্রদলের চট্টগ্রাম মহানগর ও স্থগিত কেন্দ্রীয় কমিটির কতিপয় নেতা। এ নিয়ে রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কাও করা হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৪ কোটি ৭৭ লাখ টাকা ব্যয়ে ক্যাম্পাসে একটি চার তলা তথ্যপ্রযুক্তি ভবন, ৯ কোটি টাকা ব্যয়ে একটি ছাত্রী হল ও চার ইউনিটের হাউস টিউটর ভবন নির্মাণের উদ্যোগ নিয়েছে। ইতিমধ্যে এ ব্যাপারে দরপত্রও আহ্বান করা হয়। বিষয়টি গোচরে আসার পর ছাত্রদল হঠাৎ করেই মাঠ গরম করতে শুরু করেছে। নির্মাণ কাজের টেন্ডারে ভাগ বসানো ও চাঁদাবাজিকে কেন্দ্র করে চার গ্রুপের ছাত্রদল বর্তমানে দ্বিধাবিভক্ত। চবি ছাত্রদল সভাপতি সুজাউদ্দিন ও সাইফুর রহমান শপথের নেতৃত্বাধীন অংশকে ঠেকাতে সাকা-মীর নাছির গ্রুপ, নোমান গ্রুপ ও ওয়াহিদ গ্রুপ এক হয়ে মাঠে নেমেছে। মিলিত তিন গ্রুপের অভিযোগ, সুজা-শপথের নেতৃত্বাধীন অংশটি ছাত্রশিবিরের সমর্থন নিয়ে ছাত্রদলের কর্মীদের নির্যাতন করছে। অন্যদিকে সুজা-শপথ গ্রুপ বলছে, তারাই আসল ছাত্রদল এবং তাদের বিরুদ্ধবাদীরা ছাত্রলীগের দোসর।

তবে ছাত্রদলের একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ছাত্রশিবির কিংবা ছাত্রলীগ নয়, মূল দ্বন্দ্বের কারণ টেন্ডার। সরকারি দলের ছাত্র সংগঠন হিসাবে ছাত্রদল অনেক কিছুতে অগ্রাধিকার পাওয়ার দাবি করছে। এ ক্ষেত্রে কয়েকজন সাবেক ছাত্রনেতা তাদের ব্যবহার করে টেন্ডার হাতিয়ে নেয়ার চেষ্টা করছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।